



“মুজিববর্ষ- পল্লী বিদ্যুতের সেবা বর্ষ”
“মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন”



ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

নির্বাহী পরিচালক-এর দপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়নবোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন-৮৯০০৩০৬

E-mail: edreb123@yahoo.com

স্মারক নং-২৭.১২.০০০০.০০৭.১৮.১০২(১৯).২০২০- ৪৬৪

তারিখঃ ১০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
..... পবিস ১/২/৩/৪।

বিষয়ঃ ২৬শে মার্চ ২০২১ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত কর্মসূচি নির্ধারণ প্রসঙ্গে।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৭ মার্চ থেকে অর্থাৎ বঙ্গবন্ধুর জন্মদিন থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী একটি বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী প্রতিপালনের জন্য অনুরোধ জানানো হলোঃ

- (১) ২৫ মার্চ ২০২১ (রাত ৯.০০ থেকে ০৯.০১ মিনিট পর্যন্ত) প্রতীকি ব্ল্যাক আউট পালনের লক্ষ্যে ০১ (এক) মিনিটের জন্য কেপিআই/জরুরি স্থাপনা/সাব-স্টেশন/ফিডার ব্যতিত অফিস ও বসতবাড়িতে বাতি বন্ধ রাখতে হবে;
- (২) সমিতির কার্যালয়ে ২৬ শে মার্চ ২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জেলা প্রশাসনের সাথে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র্যালি করতে হবে;
- (৩) সমিতিসমূহ তাদের CSR ফান্ড হতে সমিতির নিজস্ব গ্রন্থাগারে সংরক্ষণের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক ১০টি এবং বঙ্গবন্ধুর জীবন ও আদর্শভিত্তিক ১০টি করে বই অর্থাৎ মোট ২০টি বই বিতরণ করবে। বাপবিবোর জনসংযোগ পরিদপ্তর কর্তৃক প্রদত্ত বইয়ের তালিকা অনুযায়ী বাংলা একাডেমি থেকে বইসমূহ ক্রয় করতে হবে;
- (৪) বাপবিবোর্ডের আইসিটি পরিদপ্তরের সাথে সমন্বয় রেখে সমিতিসমূহের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন ও ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে;
- (৫) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে সমিতিসমূহ জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ সাপেক্ষে কর্মসূচি গ্রহণ করবে;
- (৬) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নের ব্যয়ভার সমিতির নিজস্ব বাজেট থেকে বহন করতে হবে;
- (৭) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে;
- (৮) ১৭ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী পল্লী বিদ্যুৎ সমিতিতে আলোকসজ্জা অব্যাহত থাকবে। ২৫ মার্চ ২০২১ তারিখ কোনক্রমেই আলোকসজ্জা করা যাবে না। ২৬শে মার্চ ২০২১ তারিখ সন্ধ্যা থেকে আলোকসজ্জা করতে হবে;
- (৯) জাতির শান্তি, সমৃদ্ধি এবং দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে ২৫শে মার্চ গণহত্যা দিবসে ফজর নামাজের পর এবং ২৬শে মার্চ স্বাধীনতা দিবসে জুম'আর নামাজের পর মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপসনালয়ে প্রার্থনার আয়োজন করতে হবে;

(১০) এছাড়া, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে নিম্নোক্ত অনুষ্ঠানের আয়োজন করতে হবেঃ

- (i) সমিতিসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন বিষয়ে আলোচনা অনুষ্ঠান;
- (ii) রচনা ও বিতর্ক প্রতিযোগিতা;
- (iii) মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে।

(খালেদা পারভীন) ২৪/৩/২০

নির্বাহী পরিচালক (চঃদাঃ)

মোবাইলঃ ০১৭৬৯৪০০০০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বাপবিবো, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষন ও বিতরণ/পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো, ঢাকা।
- ৩। সচিব, বাপবিবো, ঢাকা।
- ৪। পরিচালক, সকল দপ্তর/পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল জোন, বাপবিবো।
- ৬। প্রকল্প পরিচালক, সকল প্রকল্প, বাপবিবো, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ৮। নির্বাহী প্রকৌশলী, সকল প্রকল্প, বাপবিবো।
- ৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ১০। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

Niamat
28/3/20
(নিয়ামত উল্লাহ সরকার)
সহকারী পরিচালক